

প্রেস রিলিজ  
২১ ফেব্রুয়ারি ২০২৬

## বাউবিতে অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত

অমর একুশে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৬ উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আজ (২১ ফেব্রুয়ারি ২০২৬) দিনব্যাপী নানা কর্মসূচির মাধ্যমে দিবসটি গভীর শ্রদ্ধা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে উদযাপন করেছে।

এ উপলক্ষে আজ সকাল ৯:০০টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম কেন্দ্রীয় শহিদ মিনার-এর বেদীতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক মোঃ আনিছুর রহমান, বিভিন্ন স্কুলের ডীন, বিভাগীয় প্রধানেরা এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

শ্রদ্ধা নিবেদন শেষে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, “অমর একুশ আমাদের আত্মমর্যাদা ও জাতীয় চেতনার উজ্জ্বল প্রতীক। ১৯৫২ সালের এই দিনে মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষায় ভাষা শহিদদের আত্মত্যাগের মধ্য দিয়েই প্রতিষ্ঠিত হয়েছে আমাদের ভাষাগত অধিকার ও সাংস্কৃতিক আত্মপরিচয়। তাঁদের ত্যাগ থেকে জাতি পেয়েছে স্বাধীনতা ও গণতন্ত্রের প্রেরণা। তিনি বলেন, ভাষা আন্দোলনের চেতনা ধারণ করে শিক্ষা, গবেষণা ও মানবিক মূল্যবোধের বিকাশের মাধ্যমে একটি জ্ঞানভিত্তিক, সুখী, সমৃদ্ধ ও শান্তিপূর্ণ বাংলাদেশ গড়ে তুলতে আমাদের সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।”

এ দিকে দিবসের সূচনায় সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর মূল ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয়। একই সঙ্গে শহিদ মিনার প্রাঙ্গণ বর্ণমালা খচিত ব্যানার, ফেস্টুন ও আল্পনায় সুসজ্জিত করা হয়। কর্মসূচির অংশ হিসেবে সকালে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে এবং এর আশপাশে অবস্থানরত শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস গাজীপুর ক্যাম্পাসস্থ শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

এছাড়াও সারাদেশে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রেও যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করা হয়।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)